শেখ হাসিনার নির্দেশ
জলবায়ু সহিষ্ণু বাংলাদেশ।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বন সংরক্ষকের দপ্তর
কোস্টাল সার্কেল, কাশীপুর, বরিশাল।

নিয়োগ বিজ্ঞপ্তি নং-০১/২০২২.	তারিখঃ-০৮/০৬/২০২২ইং

# নিয়োগ বিজ্ঞপ্তি

পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ের আওতাধীন বন অধিদপ্তরের নিম্নবর্ণিত রাজস্ব খাতভূক্ত শূণ্য পদে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে নিয়োগের জন্য বাংলাদেশী নাগরিকদের নিকট হতে নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে সরকার নির্ধারিত চাকরির আবেদন ফরমে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে ঃ

| ক্রঃ নং | পদের নাম | পদের সংখ্যা | বেতন স্কেল | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা | যে জেলার প্রার্থী আবেদন করতে পারবেন। |
|---|---|---|---|---|---|
| ০১। | ফরেস্ট গার্ড | ২২(বাইশ)টি | ৯০০০-২১৮০০ (গ্রেড-১৭) | ক) কোন স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ<br>খ) উচ্চতা ১৬৩ সে.মি. ও বুকের মাপ ৭৬ সে.মি. | ভোলা জেলা |

উল্লেখ্য যে, বরিশাল, ঝালকাঠি, পিরোজপুর, বরগুনা ও পটুয়াখালী জেলার জন্য জেলা কোটায় প্রাপ্যতা নেই। তবে এতিম ও শারীরিক প্রতিবন্ধি কোটায় বরিশাল বিভাগের সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন।

## নিয়োগ সংক্রান্ত শর্তাবলী

০১। ০১/০৬/২০২২ খ্রিঃ তারিখে আবেদনকারীর বয়স ১৮-৩০ বৎসরের মধ্যে হতে হবে। মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা ও শারীরিক প্রতিবন্ধীদের জন্য বয়স ১৮-৩২ বৎসরের মধ্যে হতে হবে এবং মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যার পুত্র-কন্যাদের জন্য বয়স ১৮-৩০ বৎসরের মধ্যে হতে হবে।

০২। কোন সরকারি বা আধাসরকারি সংস্থায় কর্মরত প্রার্থীগণকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।

০৩। সরকার নির্ধারিত বিভাগীয় পদোন্নতি/নিয়োগ বোর্ড কর্তৃক প্রার্থী বাছাই করা হইবে। প্রার্থীদেরকে এতদুদ্দেশ্যে আয়োজিত ক্ষেত্র অনুযায়ী লিখিত, শারীরিক (প্রযোজ্য ক্ষেত্রে) ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে। পরীক্ষা গ্রহণের স্থান, তারিখ ও সময়সূচী যথাসময়ে প্রার্থীদেরকে তাদের বর্তমান ঠিকানায়/বন অধিদপ্তরের ওয়েব সাইট www.bforest.gov.bd এর মাধ্যমে জানানো হবে।

০৪। প্রার্থীদের "বন অধিদপ্তরের কর্মচারী নিয়োগ বিধিমালা, ২০১৯"-এর তফশীল ২ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে।

০৫। আবেদনকারীকে মৌখিক পরীক্ষা গ্রহণের সময় নিম্নবর্ণিত কাগজপত্রাদির মূলকপি প্রদর্শন এবং প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত অনুলিপি ১(এক) সেট জমা দিতে হবে।
ক) শিক্ষাগত যোগ্যতা সম্পর্কিত সকল প্রকার মূল/সাময়িক সনদপত্র, অভিজ্ঞতা(প্রযোজ্য ক্ষেত্রে) সনদপত্র।
খ) জাতীয় পরিচয়পত্র।
গ) সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রদত্ত নাগরিক সনদপত্র।
ঘ) শারীরিক প্রতিবন্ধী, এতিম, ক্ষুদ্র নৃ-গোষ্ঠি এবং আনসার ও ভিডিপি প্রার্থীদের ক্ষেত্রে সরকারের সর্বশেষ নীতিমালা অনুযায়ী উপযুক্ত কর্তৃপক্ষের সার্টিফিকেট এবং মুক্তিযোদ্ধা কোটায় আবেদনকারী প্রার্থীদের ক্ষেত্রে সরকারের সর্বশেষ নীতিমালা অনুযায়ী মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত মুক্তিযোদ্ধা ও শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যার পিতা মাতার/পুত্র-কন্যার পুত্র-কন্যাগণের পিতামহ/মাতামহ এর মুক্তিযোদ্ধ সনদপত্র/গেজেট (সংশ্লিষ্ট মুক্তিযোদ্ধার জাতীয় পরিচয় পত্র/জন্ম নিবন্ধন সনদসহ)।
ঙ) আবেদনকারী মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা এবং মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যা হলে আবেদনকারীর সাথে মুক্তিযোদ্ধার সম্পর্ক উল্লেখপূর্বক প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা অথবা সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্র।

০৬। কর্তৃপক্ষ প্রয়োজনে যে কোন শর্ত সংযোজন, সংশোধন এবং পরিবর্তন করার ক্ষমতা সংরক্ষণ করেন। কর্তৃপক্ষ অনিবার্য কারণবশতঃ নিয়োগ প্রক্রিয়ার যে কোন পর্যায়ে স্থগিত/বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

০৭। কর্তৃপক্ষ সংশ্লিষ্ট পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধির ক্ষমতা সংরক্ষণ করেন।

০৮। প্রার্থীকে নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার ভ্রমণ/দৈনিক ভাতা দেয়া হবে না।

০৯। প্রার্থীত পদের নাম ও নিজ জেলা খামের উপর অবশ্যই স্পষ্টভাবে উল্লেখ করতে হবে।

১০। নিয়োগের ব্যাপারে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

১১। নিয়োগের বিষয়ে কোন প্রকার তদবীর প্রার্থীর অযোগ্যতা বলে বিবেচিত হবে।

## দরখাস্ত দাখিলের নিয়মাবলী ঃ

০১। সরকার নির্ধারিত আবেদন ফরম (চাকরির আবেদন ফরম বন অধিদপ্তরের ওয়েব সাইট www.bforest.gov.bd হতে ডাউন লোড করে ব্যবহার করা যাবে। এছাড়া বন সংরক্ষক, কোস্টাল সার্কেল, কাশিপুর, বরিশাল এর সংস্থাপন শাখা হতে অফিস চলাকালীন সময়ে সংগ্রহ করা যাবে) যথাযথভাবে পূরণ করতঃ আবেদন ফরম বন সংরক্ষক, কোস্টাল সার্কেল, কাশিপুর, বরিশাল এর ঠিকানায় ১৮/০৭/২০২২খ্রিঃ তারিখ বিকাল ৫.০০ ঘটিকা পর্যন্ত ডাক যোগে/সরাসরি অবশ্যই পৌছাতে হবে। নির্ধারিত সময়ের পরে কোন আবেদন ফরম গ্রহণ করা হবে না।

০২। চাকরির আবেদন ফরমে ক্রমিক নং ১ হতে ২২ পর্যন্ত সকল তথ্য উল্লেখ করতে হবে। অসম্পূর্ণ আবেদন ফরম বাতিল বলে গণ্য হবে।

০৩। চাকরির আবেদন ফরমের সাথে প্রার্থীর সদ্য তোলা পাসপোর্ট আকারের ০২ (দুই) কপি রঙ্গিন ছবি (প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত), জাতীয় পরিচয়পত্রের ফটোকপি (প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত) ও শিক্ষাগত যোগ্যতার সকল সনদপত্রের ফটোকপি (প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত) সংযুক্ত করতে হবে।

০৪। সরকারি নির্ধারিত আবেদন ফরমে স্বাক্ষরের স্থানে স্পষ্ট করে বল পেনে স্বাক্ষর করতে হবে।

০৫। প্রার্থীদেরকে পরীক্ষার ফি বাবদ বন সংরক্ষক, কোস্টাল সার্কেল, কাশিপুর, বরিশাল এর অনুকূলে ১০০/-(একশত) টাকার ব্যাংক ড্রাফট/পে-অর্ডার (অফেরতযোগ্য) অথবা কোড নং-৬/৪৫৩১/০০০০/৮৮৩১ খাতে ট্রেজারী/সাব ট্রেজারী, বাংলাদেশ ব্যাংক/সোনালী ব্যাংকে জমাকৃত ১০০ (একশত) টাকার ট্রেজারী চালান (অফেরতযোগ্য) (মূল কপি) আবেদন ফরমের সাথে অবশ্যই দাখিল করতে হবে।

০৬। প্রার্থীকে তার বর্তমান ঠিকানা লিখিত ১০/-(দশ) টাকার ডাকটিকিটসহ ৪" X ১০" সাইজের ১টি ফেরৎ খাম আবেদন ফরমের সাথে সংযুক্ত করতে হবে।

০৮/০৬/2022

(জি এম রফিক আহমেদ)
সদস্য সচিব
বিভাগীয় নির্বাচন কমিটি
বরিশাল বিভাগ
ও
বিভাগীয় বন কর্মকর্তা
সামাজিক বন বিভাগ, বরিশাল।

০৮/০৬/2022

Destop/circular.2020-2021